


সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়,তালা,সাতক্ষীরা











তারিখ: ১৩/১১/২০২৪ খ্রিঃ;

সাতক্ষীরার তালা উপজেলার পাটকেলঘাটা বাজারে গোপন সংবাদের ভিত্তিতে সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, তালা, সাতক্ষীরা কর্তৃক অভিযান চালিয়ে আনুমানিক ৯৫০০মিটার অবৈধ কারেন্ট জালএবং ২০ টি অবৈধ চায়না দুয়ারী জাল জব্দ করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে পেনাল কোড ১৮৬০ এর ১৮৮ ধারা অনুযায়ী সরকারি আদেশ অমান্য করার দায়ে একজনকে দশ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। স্থানীয় জনগণের উপস্থিতিতে জালগুলো পুড়িয়ে বিনষ্ট করা হয়। স্থানীয় জনসাধারণকে এই ধরনের অবৈধ জাল ব্যবহার, ক্রয়-বিক্রয়, পরিবহন ইত্যাদি হতে বিরত থাকার জন্য সচেতন করা হয়।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়,তালা,সাতক্ষীরা





তারিখ: ০৩/১১/২০২৪ খ্রিঃ;

সাতক্ষীরা জেলার তালা উপজেলার শ্রীমন্তকাঠি গ্রামে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলা প্রশাসন ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, তালা, সাতক্ষীরা কর্তৃক অভিযান চালিয়ে আনুমানিক ৪০ কেজি পুশকৃত চিংড়ি জব্দ করা হয় এবং ভ্রাম্যমান আদালত "মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) আইন-২০২০" অনুযায়ী ১০০০/- (এক হাজার) টাকা জরিমানা এবং এক মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন। পুশকৃত ৪০ কেজি চিংড়ি আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।

সহযোগিতায়- উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা